DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) তৈরি: 13 Sep 2026, 02:28 PM

সারাদেশ

# হাইকোর্টের নির্দেশ অমান্য করে খাস জমিতে ভবন নির্মাণের অপরাধে কারাদণ্ড

প্রতিবেদক: পটুয়াখালীর প্রতিনিধি
প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM



ছবি প্রতিনিধি

পটুয়াখালীর কলাপাড়া উপজেলাধীন চর গঙ্গামতি এলাকায় সরকারি খাস জমিতে হাইকোর্টের নির্দেশ অমান্য করে পাকা দোকানঘর নির্মাণের অপরাধে মো: নুরুজ্জামান (৩২) নামে এক ব্যক্তিকে এক মাসের বিনাশ্রম কারাদণ্ড ও ১০০ টাকা অর্থদণ্ড দেওয়া হয়েছে, অনাদায়ে ৭ দিনের বিনাশ্রম কারাদণ্ড প্রদান করা হয়েছে।

বৃহস্পতিবার (২০ আগস্ট) সন্ধ্যা ৬টার দিকে চর গঙ্গামতি সরকারি প্রাথমিক বিদ্যালয় এলাকায় এ দন্ড দেন সহকারী কমিশনার (ভূমি) ইয়াসিন সাদেক।

প্রশাসন সূত্র জানায়, ভূমি অপরাধ প্রতিরোধ ও প্রতিকার আইন, ২০২৩-এর ১১ ধারায় এ ধরনের অপরাধের জন্য সর্বোচ্চ ২ বছর পর্যন্ত বিনাশ্রম কারাদণ্ড এবং অর্থদণ্ড দেওয়ার সুযোগ রয়েছে। তবে মামলার সার্বিক বিষয় বিবেচনায় নিয়ে ১ মাসের কারাদণ্ড ও ১০০ টাকা

অর্থদণ্ডের দন্ডিত করা হয়, অনাদায়ে আরও ৭ দিনের বিনাশ্রম কারাদণ্ড দিয়েছেন ভ্রাম্যমাণ আদালত।

এদিকে, বেসামরিক বিমান ও পর্যটন মন্ত্রণালয়ের ২০১৩ সালের গেজেট এবং হাইকোর্টের রিট পিটিশন নং ৫১৬২/২০১১-এর রায় অনুযায়ী, গঙ্গামতি-কাউয়ার চরের বেড়িবাঁধের বাইরের জমি সরকারের নিয়ন্ত্রণে থাকার কথা উল্লেখ করা হয়েছে।
স্থানীয়দের মতে, গঙ্গামতি-কাউয়ার চরের সরকারি জমি রক্ষায় প্রশাসনের এ ধরনের পদক্ষেপ গুরুত্বপূর্ণ। একই সঙ্গে সরকারি জমিতে অবৈধভাবে স্থাপনা নির্মাণ বন্ধে নিয়মিত অভিযান ও আইন প্রয়োগের দাবি জানিয়েছেন তারা।

এ বিষয়ে সহকারী কমিশনার (ভূমি) ইয়াসিন সাদেক বলেন, সরকারি জমি দখল, আদালতের নির্দেশ অমান্য এবং অনুমোদনহীন স্থাপনা নির্মাণের বিরুদ্ধে আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ অব্যাহত থাকবে। সরকারি সম্পত্তি রক্ষায় সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নজরদারিও জোরদার করা হয়েছে।

---

## এ বিভাগের আরও খবর



**আশুগঞ্জে রুমিন ফারহানাকে অবাঞ্ছিত ঘোষণা, বিএনপির ঝাড়ু মিছিল**
জাতীয় সংসদে বিএনপির সমালোচনা করে দেওয়া বক্তব্যের প্রতিবাদে ব্রাহ্মণবাড়িয়ার আশুগঞ্জে ব্রাহ্মণবাড়িয়া-২ আসনের স্বতন্ত্র সংসদ সদস্য ব্যারিস্টার...




**সাতক্ষীরায় সড়ক দুর্ঘটনায় পথচারীর মৃত্যু**
সাতক্ষীরায় যাত্রীবাহী বাসের ধাক্কায় আব্দুল মাজেদ (৬০) নামে এক পথচারী নিহত হয়েছেন। আজ রোববার সকাল সাড়ে ১০টার দিকে সাতক্ষীরা-খুলনা মহাসড়কে...



### পদ্মায় নিখোঁজ ছাত্রদল নেতা রকির মরদেহ উদ্ধার

কুষ্টিয়ার ভেড়ামারায় পদ্মা নদীতে নৌকা ভ্রমণে গিয়ে হার্ডিঞ্জ ব্রিজের পিলারের সঙ্গে ধাক্কা লেগে নিখোঁজ ঝিনাইদহের শৈলকুপার পৌর ছাত্রদলের সদস্য...




### ব্রাহ্মণবাড়িয়ায় কনসার্ট ইস্যুতে সমঝোতা, মানতে হবে যে শর্ত

ব্রাহ্মণবাড়িয়া সরকারি কলেজের নবীনবরণ উপলক্ষে কনসার্ট আয়োজনকে কেন্দ্র করে সৃষ্ট বিরোধের অবসান হয়েছে। শনিবার (১৩ সেপ্টেম্বর) সন্ধ্যায় ব্রাহ্মণ...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://www.dhakaprobe.com/saradesh/haikorter-nirdesh-omanj-kre-khas-jmite-bhbn-nirmaner-opradhe-karadnd